

## নেতা, নেতৃত্ব ও আজকের বাংলাদেশ শীর্ষক সেমিনার



ড. শামস রহমান

বঙ্গবন্ধুর ত্রিশতম প্রয়ান বার্ষিকী উপলক্ষে গত ১১ই সেপ্টেম্বর রোববার ড. শামস রহমানের উদ্যোগে অনুষ্ঠিত হলো একটি বিশেষ সেমিনার। এর শিরনাম ছিল - বঙ্গবন্ধুঃ নেতা, নেতৃত্ব ও আজকের বাংলাদেশ।

এই সেমিনার নিয়ে কমিউনিটিতে নানা কথা শোনা যাচ্ছিল। এটা কি ওয় বঙ্গবন্ধু পরিষদ কিনা এমন প্রশ্নও করেছেন অনেকে। তবে সব জল্পনা কল্পনার অবসান ঘটিয়ে ড. শামস রহমান তার উদ্বোধনী বক্তব্যে বলেন, এই সেমিনার কোনো একক ব্যক্তি বা সংগঠনের কতৃক আয়োজিত হয়নি। তিনি উপস্থিত সকলকেই এই সেমিনারের আয়োজক বলে ঘোষণা করেন। তিনি আরো বলেন, এই সেমিনারে কোনো সভাপতি


নেই, কোনো প্রধান অতিথী নেই এমনকি এখানে কোনো মঞ্চও নেই এবং নেই কোনো মঞ্চে আসন গ্রহণের ব্যবস্থা।



শ্রোতাদের কাছেই হলের একপাশে একটি মাইক্রোফোন বসিয়ে কথা বলার ব্যবস্থা করা হয়। অনুষ্ঠানের প্রথম পর্বে ছিল প্রবন্ধ পাঠ এবং চায়ের বিরতীর পর ছিল সকলের

অংশগ্রহণে মুক্ত আলোচনা ও প্রশ্নোত্তর পর্ব। প্রবন্ধ পাঠ করেন জনাব অজয় দাশগুপ্ত, বদরুল আলম খান এবং ড. শামস

রহমান। প্রবন্ধ পাঠের পরে বক্তব্য রাখেন শেরপুরের সাংসদ জনাব আতিকুর রহমান আতিক এবং ড. বোরহান উদ্দিন খান জাহাঙ্গীর। চা বিরতীর পর জনাব আতিকুর রহমান আতিক



জনাব আতিকুর রহমান আতিক

এবং ড. বোরহান উদ্দিন খান জাহাঙ্গীর সেমিনারে অংশগ্রহণকারীদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন।



ড. বোরহান উদ্দিন খান জাহাঙ্গীর